## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতি বার ।০ আনা, ১৲ এক টাকার কম মূল্যে কোন বিজ্ঞাপন প্রকাশিত হয় না। স্থায়ী বিজ্ঞাপনের দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।

ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা।

নগদ মূল্য ৴০ এক আনা।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।



Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র



হাতে কাটা

**বিশুদ্ধ পৈতা**

পণ্ডিত-প্রেসে পাইবেন।

**অরবিন্দ এণ্ড কোং**

মহাবীরতলা পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)

ঘড়ি, টর্চ, ফাউণ্টেন পেন, চশমা, সেলাই মেসিনের পার্টস্ এখানে নূতন কিনিতে পাইবেন।

এখানে সকল প্রকার সেলাই মেসিন, ফটো ক্যামেরা, ঘড়ি, টর্চ, টাইপ রাইটার, গ্রামোফোন ও যাবতীয় মেসিনারী সুলভে সুন্দররূপে মেরামত করা হয়। পরীক্ষা প্রার্থনীয়।



৩৯শ বর্ষ | রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১লা আশ্বিন বুধবার ১৩৫৯ ইংরাজী 17th Sep. 1952 | ১৮শ সংখ্যা






## জীবনযাত্রার পাথেয়

আমাদের গৃহ-সংসার কত আশা ও উৎসাহ, কত শান্তি ও সুখের স্বপ্ন দিয়ে তৈরী। বাপ মায়ের সে স্বপ্ন রূঢ় বাস্তবের আঘাতে ভেঙ্গে যাওয়া অসম্ভব নয়, তাই নিজের জন্যও যেমন তাঁদের দুশ্চিন্তা, ছেলে-মেয়ে ও আত্মীয়-পরিজনের জন্যও তেমনি তাঁদের উদ্বেগ ও আশঙ্কা—কি উপায়ে তাদের জীবনযাত্রা নির্ব্বাহের উপযোগী সংস্থান করে রাখা যায়? হিন্দুস্থানের বীমাপত্র সেই সংস্থানের উপায় স্বরূপ—প্রত্যেকের আর্থিক সঙ্গতি ও বিভিন্ন প্রয়োজন অনুযায়ী নানাবিধ বীমাপত্রের ব্যবস্থা আছে।

জীবনযাত্রার অনিশ্চিত পথে
জীবন বীমা মানুষের
প্রধান পাথেয়।

**হিন্দুস্থান কো-অপারেটিভ**

ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড

হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস

৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা—১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১লা আশ্বিন বুধবার সন ১৩৫৯ সাল।

### ৪৭ বৎসর পরে

## ডক্টর তারকনাথ দাস

—•—

ডক্টর তারকনাথ দাস অগ্নিযুগের অন্যতম শ্রেষ্ঠ বিপ্লবী। বিপ্লবী নেতা ও কর্ম্মিদিগের অদৃষ্টে যাহা ঘটে ইঁহার ভাগ্যেও তাহার ব্যতিক্রম হয় নাই। তারকনাথের পৈতৃক বাস কাঁচড়াপাড়া হইতে প্রায় তিন ক্রোশ দূরবর্ত্তী মাঝিপাড়া নামক পল্লীগ্রামে। অগ্নিযুগের বিপ্লবী বীর ৺উপেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়, শ্রীবিভূতিভূষণ সরকার, শ্রীউল্লাসকর দত্ত ও শ্রীসতীশ চন্দ্র সরকারকে (বর্ত্তমানে বৈদান্তিক সন্ন্যাসী—বরাহনগর বসাক ফ্যাক্টরীতে আশ্রয়লাভ করিয়া দৃষ্টিহীন অবস্থায় বাস করিতেছেন) যেমন সন্ন্যাসীর বেশে নানা দেশ ভ্রমণ করিতে হইয়াছিল, ডাঃ তারকনাথ দাসকে তারকনাথ ব্রহ্মচারী নাম পরিগ্রহ করিয়া পরিব্রাজকরূপে স্বদেশ ও ধর্ম্মপ্রচার-বাণী লইয়া ভারতের নানাস্থানে পরিভ্রমণ করিতে হইয়াছিল। তাঁহার উদ্দেশ্য ছিল নানা দেশে ভারতীয় আন্দোলনের অনুকুলে অভিমত গড়ে তোলা।

১৯০৫ খৃষ্টাব্দ হইতে তিনি দেশ ছাড়া। নেতাজী যেমন ছদ্মবেশে বোবা কালা কাবুলী সাজিয়া দেশত্যাগ করিয়াছিলেন. তেমনি তারকনাথ ১৯০৫ অব্দে পুলিশের দৃষ্টি বিভ্রম ঘটাইয়া জাপানে গমন করেন। সেখানে মাত্র এক বৎসর থাকিয়া সানফ্রান্সিস্কো চলিয়া যান। তিনি প্রথম মহাযুদ্ধের সময় বার্লিন বিশ্ববিদ্যালয়ে ছাত্র হিসাবে যোগদান করিয়া ভারতের মুক্তির জন্য চেষ্টার ত্রুটি করেন নাই। ১৯১৭ অব্দে তিনি ইউরোপ ও এশিয়ার কিয়দংশ ভ্রমণ করিয়া জাপানের পথে আমেরিকায় ফিরিয়া যান। ভারতে অস্ত্রশস্ত্র প্রেরণের ষড়যন্ত্রের অভিযোগে বাইশ মাস কারাদণ্ডে দণ্ডিত হন। ১৯২৪ অব্দে আন্তর্জাতিক আইন সম্বন্ধে পি, এইচ, ডি, ডিগ্রী লাভ করেন। এই বৎসরই তিনি জনৈকা মার্কিন বিধবাকে বিবাহ করেন। ১৯৪৮ এর ১লা জানুয়ারী তাঁহার পত্নী-বিয়োগ হয়। এই মার্কিন মহিলাই ডাঃ দাসের সমস্ত কর্ম্মে সহায়তা করেন। বর্ত্তমানে তাঁহার বয়স ৬৯ বৎসর। সুদীর্ঘ ৪৭ বৎসর সম্পূর্ণ এক বিপরীত পরিবেশের মধ্যে থাকিয়াও তিনি যখন দেশে আসিয়া দেশবাসীকে বাঙলা ভাষায় বক্তৃতা শুনাইলেন তখন সকলে বিস্মিত হইল। ভারত বিভাগ সম্বন্ধে তাঁহার তীব্র মন্তব্য দ্বারা তিনি বাঙালীর চিত্ত জয় করিয়াছেন। যেদিন তিনি ভারতকে আমেরিকা ও জাপানের সঙ্গে মিলিবার পরামর্শ দিয়া, ভারত নিরপেক্ষ থাকিতে পারে না—এই অভিমত প্রকাশ করেন সেইদিন বিশ্ববিদ্যালয়ের কতিপয় ছাত্র তাঁহার বক্তৃতার সময় তাঁহার অসম্মান-জনক উক্তি করিয়া ভারতীয় ছাত্রের ভদ্র ব্যবহারের অভাব সুচনা করিয়াছেন। তাঁহার বক্তৃতা শুনিলেই যে লোক আমেরিকা বা জাপানের শিষ্যত্ব গ্রহণ করিবে এ ভয় করা ঠিক নয়। ডাঃ দাস জাপান ও আমেরিকা কর্ত্তৃক অনেক উপকৃত, কাজেই তাহাদের সম্বন্ধে তাঁহার বিশ্বাস আছে। ডাঃ দাস বক্তৃতা করার আগেই ভারত সরকার কত পরিকল্পনা সম্বন্ধে আজ আমেরিকাকে মুরুব্বি পাকড়েছেন। আমেরিকার এটম্ বোম, এবং সেই এটম্ বোমে সায়েস্তা করা জাপান এই দুয়ের ভজনা করার ভক্তি খুব স্বার্থপর ভিন্ন কাহারও রুচিকর হইবে না। ছাত্রগণ তাঁর বক্তৃতা শেষ হওয়া পর্য্যন্ত ধৈর্য্য ধারণ করিলে ভাল করিতেন। সসম্মানে তাঁহাকে বলিলে ভাল হইত—অতটুকু রাজ্য সুইজারল্যাণ্ড মহাযুদ্ধের সময় কেমন করিয়া নিরপেক্ষতা রক্ষা করিয়াছিল? ক্ষুদ্র সামরিক শক্তি লইয়া আয়রল্যাণ্ড অত চাপের মধ্যে কেমন করিয়া আত্মরক্ষা করিয়াছিল—ইহা তাঁহাকে জিজ্ঞাসা করিলেই ভাল হইত। শিক্ষাব্রতী ছাত্রগণেরই বা এত চঞ্চলতা কেন? রাজনীতির 'র' আমরা জানি না। তবুও মনে হয় স্বার্থ বড় নোঙরা জিনিস। আমরা ডাঃ দাস ও আমাদের ভবিষ্যতের আশা ভরসা পাঠার্থীবর্গকে কবি ৺অতুলপ্রসাদের দুইটী লাইন শুনাইতে চাই।

"ভারত-ভানু-কোথা লুকালে?  
উদিবে কি পুনঃ পূরব ভালে?

* * *

সিংহের দেশে বিচরিছে শিবা  
বীর্য্য—বিড়ম্বিত খল-কোলাহলে।

---

### জঙ্গিপুর মহকুমার উকিল সভার প্রবীণতম উকিলের

## সুবর্ণ জয়ন্তী

—•—

গত ১৩ই সেপ্টেম্বর বাংলা ২৮শে ভাদ্র জঙ্গিপুরের উকীল মহোদয়গণ তাঁহাদের প্রবীণতম সহকর্ম্মী শ্রীশরচ্চন্দ্র ভট্টাচার্য্য মহাশয়ের অর্দ্ধ শতাব্দীকাল ওকালতি করার জন্য তাঁহার সুবর্ণ জয়ন্তী উৎসব সম্পন্ন করিয়াছেন। এই সভায় সভাপতিত্ব করেন শ্রীযোগীন্দ্রনারায়ণ দত্ত উকীল মহাশয় এবং প্রধান অতিথির আসন গ্রহণ করেন স্থানীয় মুন্সেফ শ্রীঅমলকৃষ্ণ দে মহাশয়।

শ্রীশরচ্চন্দ্র ভট্টাচার্য্য মহাশয় নদীয়া জেলার কুষ্টিয়া মহকুমার গোঁসাইদুর্গাপুরে সুপ্রসিদ্ধ ভট্টাচার্য্য বংশে জন্মগ্রহণ করেন। তিনি ওকালতি পাশ করার পর ২৪ পরগণার চৌকী বারুইপুরে তাঁহার জ্যেষ্ঠাগ্রজ আদর্শ চরিত্র উকীল স্বর্গীয় কেদারনাথ ভট্টাচার্য্যের নিকটে গিয়া ওকালতি আরম্ভ করেন। ভট্টাচার্য্য মহাশয়দের স্বগ্রামবাসী তদানীন্তন জঙ্গিপুরের কন্‌ট্রাক্টর ৺ভুবনমোহন ঘোষ মহাশয়ের ঐকান্তিক ইচ্ছায় তিনি জঙ্গিপুরে আগমন করেন। সে সময়ে জঙ্গিপুর বারে গদাইপুর নিবাসী ৺গোপীমোহন মুখোপাধ্যায় এবং ধুসরী-পাড়া নিবাসী ৺মুকুন্দসুন্দর সরকার ভিন্ন জঙ্গিপুর মহকুমার অধিবাসী কোন উকীল ছিলেন না। ৺রামদয়াল দাশ (ঢাকা), ৺কৃষ্ণবল্লভ রায় (নদীয়া), ৺তারণকৃষ্ণ সাহা (নদীয়া), ৺উমাচরণ বন্দ্যোপাধ্যায়, ৺রামযাদু রায় (বর্দ্ধমান), ৺নিত্যানন্দ রায়, ৺ইন্দ্রচন্দ্র মুখোপাধ্যায়, ৺কাঙালচন্দ্র গুপ্ত, ৺শশিভূষণ চট্টোপাধ্যায় (বীরভূম) ৺দৈবচন্দ্র গঙ্গোপাধ্যায় (যশোহর) প্রমুখ উকীলগণ জঙ্গিপুরে ওকালতী করিয়া সকলেই যেন স্থানীয় অধিবাসী-রূপেই স্থায়ীভাবে বসবাস আরম্ভ করেন, শ্রীভট্টাচার্য্য

মহাশয়ও বর্ত্তমানে জঙ্গিপুরেরই অধিবাসী। তাঁহার মত সচ্চরিত্রসম্পন্ন লোক আজকালকার দিনে সচরাচর পরিলক্ষিত হয় না। কবির কথায় বলা যায় যেমন "গগনং গগনাকারং সাগরঃ সাগরোপমঃ" তেমনি শরৎ বাবুর তুলনা শরৎ বাবুই; তাঁহার তুল্য আর একজন আমরা দেখিয়াছি বলিয়া মনে হয় না। তাঁহার জ্যেষ্ঠাগ্রজ ৺কেদারনাথ বাবু ঠিক এই চরিত্রের লোক ছিলেন। বৎসর দুই হইল তাঁহার স্বর্গলাভ হইয়াছে। তাঁহার বয়স প্রায় নব্বই হইয়াছিল। জঙ্গিপুরের ভূতপূর্ব্ব মুন্সেফ শ্রীঅনাথবন্ধু শ্যাম এবং বর্ত্তমান মুন্সেফ শ্রীঅমলকৃষ্ণ দে কেদারবাবু ও তদানুজ শরৎ বাবু উভয়েরই শতমুখে প্রশংসা করেন। ইঁহাদের বংশগত গুণ আত্মসংযম। সংযম দ্বারা যমকে জয় করতঃ দীর্ঘায়ু লাভ করা যায়।

গোঁসাই দুর্গাপুরের কাশ্যপ গোত্রীয় ভট্টাচার্য্য বংশের কেদারনাথ, শরচ্চন্দ্র প্রমুখ মনীষিগণ সত্যাশ্রয়ী বলিয়া বিখ্যাত। পণ্ডিতেরা বলেন—

"অশ্বমেধ-সহস্রঞ্চ সত্যঞ্চ তুলয়া ধৃতং।
অশ্বমেধ-সহস্রাত্তু সত্যমেবাতিরিচ্যতে॥"
দশ শত অশ্বমেধ এক ভাগে দাও,
সত্যাশ্রয় ফল অন্য ভাগেতে চাপাও,
তুলা দণ্ডে করি তৌল দেখিবে নিশ্চয়—
সহস্রাশ্বমেধ হ'তে সত্য ভারী হয়।

মহাত্মা কবীরের মতে শরৎ বাবুর মত চরিত্রসম্পন্ন ব্যক্তিগণ রাজা এবং বড় বড় যোদ্ধা অপেক্ষা শ্রেষ্ঠ। কবীর বলিয়াছেন—

রাজা করে রাজ্য বশ
যোদ্ধা করে রণ জোই।
আপনা মনকো বশ করে যো
সবকা সেরা ওই॥

আমরা উকীল বাবুদের স্বরে স্বর মিশাইয়া ভট্টাচার্য্য মহাশয়ের স্বাস্থ্যসহ দীর্ঘায়ু কামনা করিয়া সভক্তি প্রণাম জ্ঞাপন করিতেছি।

---

## ডাকাতের ছুরিকাঘাতে গৃহস্বামী নিহত

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত সেখালিপুর ইউনিয়নের বোরাকোপরা গ্রামের বসন্ত রবিদাসের বাড়ীতে এক ডাকাতি হইয়া গিয়াছে। ডাকাতগণ বসন্তের গলদেশে ছুরিকাঘাত করে এবং ঘণ্টাখানেক মধ্যেই তাহার মৃত্যু হয়। বসন্তের স্ত্রী ও পুত্রবধূকেও অস্ত্রাঘাতে জখম করে। বিবরণে প্রকাশ উহারা তিন শত টাকা ও কিছু রূপোর অলঙ্কার লইয়া গিয়াছে। পুলিশ তদন্ত চলিতেছে।

---


## বাটী বিক্রয়

রঘুনাথগঞ্জ থানার নিকটে সদর রাস্তার উপর একখানি একতলা পোক্তা বাটী বিক্রয় হইবে। নিম্নে অনুসন্ধান করুন।

শ্রীশিবরাম সাহা
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।


---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

### নিলামের দিন ২৮শে অক্টোবর ১৯৫২

১৯৫২ সালের ডিক্রীজারী

৩৪৮ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং মণিমোহন চৌধুরী দিং দেং রাজেন্দ্রমোহন দত্ত দিং (মোক্তার) দাবি ৩১।৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাহাদীনগর ১-৪২ শতকের কাত ২৫৶৪ আঃ ১০৲ থং ৫০ রায়ত স্থিতিবান

৩৫১ থাং ডিঃ নলিনাক্ষ রায় দেং কামাখ্যাপদ মুখোপাধ্যায় দিং দাবি ২৪৸৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে বীরথম্বা ১-৯১ শতকের কাত ১০৸০ আঃ ২০৲ থং ২৪ রায়ত স্থিতিবান

৩৫৩ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩৸৶৬ মৌজাদি ঐ ২-৯৯ শতকের কাত ১৭৲ আঃ ২৫৲ থং ২২ ঐ স্বত্ব

৩৫২ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ২০৵০ থানা ঐ মৌজে সেণ্ডা জামুয়ার ১-৮৯ শতকের কাত ৭৵০ আঃ ১৫৲ থং ১৯ রায়ত স্থিতিবান

৩৭০ থাং ডিঃ পদ্মকামিনী দেবী দিং দেং কালীপদ সাহা দিং দাবি ৩১৲ থানা রঘুনাথগঞ্জ মৌজে সোনাটিকুরী ৮২ শতকের কাত ৪।৶৫ আঃ ১০৲ থং ৩৯

৩৭২ থাং ডিঃ সেবাইত ও স্বয়ং পদ্মকামিনী দেবী দেং শম্ভুপদ রায় দিং দাবি ৩৬।৶৯ থানা সুতী মৌজে বহুতালী ১০৶০ বিঘার কাত ৫৲ আঃ ২৫৲ থং ২১১

৩৬৭ থাং ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং আবদুল গোফুর বিশ্বাস দিং দাবি ৪০১৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে বিশ্বনাথপুর ৭৩॥১॥ জমির কাত ৮৩।৶৩ আঃ ৩৭৬৲ থং ২৮

৪০৮ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ দে দিং দাবি ১৪॥৶৬ থানা ঐ মৌজে জঙ্গিপুর ৫ শতকের কাত ১।৩ আঃ ৫৲ থং ৪৯৫

৪০৯ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৮৲৩ মৌজাদি ঐ ৫ শতকের কাত ২।০ আঃ ১০৲ থং ৪৯৭

৪১৭ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২।৶০ মৌজাদি ঐ ৬ শতকের কাত ॥৵৩ আঃ ৫৲ থং ২১৫

৪১০ থাং ডিঃ ঐ দেং গুরুব্রহ্ম ভট্টাচার্য্য দিং দাবি ৩৭।৶৩ মৌজাদি ঐ ১২ শতকের কাত ৮॥০ আঃ ৩৫৲ থং ৩২৮

৪১২ থাং ডিঃ ঐ দেং শান্তিলতা সাহা দিং দাবি ১৮৶৩ মৌজাদি ঐ ।০।৶ জমির কাত ১।৶০ আঃ ১০৲ থং ২০১

৪১৫ থাং ডিঃ ঐ দেং প্রণবকুমার দাস দিং দাবি ২৩৸৶৯ মৌজাদি ঐ ১৮ শতকের কাত ৩।৶০ আঃ ১৫৲ থং ৩৬৫

৪২৮ থাং ডিঃ ঐ দেং সত্যরঞ্জন দে দিং দাবি ৪০॥৶৯ মৌজাদি ঐ ৬ শতকের কাত ১৫৸৵২ আঃ ৩৫৲ থং ১১৯৬

৪৩৭ থাং ডিঃ ঐ দেং চাঁদমল সেরাওগী দিং দাবি ৮৭৸০ মৌজাদি ঐ ২০ শতকের কাত ৩৭।০ আঃ ৭৫৲ থং ২২৮

৪১১ থাং ডিঃ ঐ দেং পদ্মকামিনী দেবী দাবি ৪৩৭৵০ থানা ঐ মৌজে জঙ্গিপুর ও ছোট কালিয়াই ২৪-৬৫ শতকের কাত ১৭৪৶৩ আঃ ৪০০৲ থং ৮২৬


৪১৩ থাং ডিঃ ঐ দেং কিশোরীমোহন মুখোপাধ্যায় দিং দাবি ১৬॥০ থানা ঐ মৌজে ওসমানপুর ৯ শতকের কাত ১।৶০ আঃ ৮৲ থং ৪৬৪

৪৩৮ থাং ডিঃ ঐ দেং মোহিনীমোহন ঘোষ দিং দাবি ৪৯৸৶৬ মৌজাদি ঐ ১৬৭ শতকের কাত ৭।০ আঃ ৪০৲ থং ২৫১

৪১৪ থাং ডিঃ ঐ দেং বুনিয়াদ সেথ দিং দাবি ২৭॥৶৯ থানা ঐ মৌজে আকবরপুর ৪০ শতকের কাত ৩৶০ আঃ ১৫৲ থং ৯০

৪১৬ থাং ডিঃ ঐ দেং বিভূতিভূষণ দে দিং দাবি ১৩।৬ থানা ঐ মৌজে ছোট কালিয়াই ১০ শতকের কাত ১৲ আঃ ৫৲ থং ২৭৮

৪২৭ থাং ডিঃ ঐ দেং বিষ্ণুচরণ রায় দাবি ৭৯৵০ থানা ঐ মৌজে মারকোল ১৩-৭৭ শতকের কাত ২৷॥৯ আঃ ৮০৲ থং ৫০





**দি আর্ট ইউনিয়ন প্রিন্টিং ওয়ার্কস**

৫৫।৭, গ্রে ষ্ট্রীট, পোঃ বিডন ষ্ট্রীট, কলিকাতা—৬

টেলিগ্রাম: "আর্টইউনিয়ন" টেলিফোন: বড়বাজার ৪১২

প্রাথমিক, মধ্য ও উচ্চ বিদ্যালয়ের
যাবতীয় ফরম, রেজিষ্টার, গ্লোব, ম্যাপ, ব্লাকবোর্ড এবং
বিজ্ঞান সংক্রান্ত যন্ত্রপাতি ইত্যাদি
ও
ইউনিয়ন বোর্ড, বেঞ্চ, কোর্ট, দাতব্য চিকিৎসালয়,
কো-অপারেটিভ রুরাল সোসাইটী, ব্যাঙ্কের
যাবতীয় ফরম ও রেজিষ্টার ইত্যাদি
সর্ব্বদা সুলভ মূল্যে পাওয়া যায়

* * *

**রবার ষ্ট্যাম্প** অর্ডারমত যথাসময়ে প্রস্তুত ও ডেলিভারী হয়


## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

নিলামের দিন ২৮শে অক্টোবর ১৯৫২

১৯৫২ সালের ডিক্রীজারী

৪১৯ থাং ডিঃ রাখহরি রায় দিং দেং আইসা বিবি দাবি ২৩।৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে জঙ্গিপুর ১৭ শতকের কাত ৪৲ আঃ ১০৲ খং ১৭১৯ কোর্ফা দখলিস্বত্ববিশিষ্ট দেশাচার অনুসারে

১৯৯ থাং ডিঃ তালিবপুর জয়েন্ট ওয়াকফ ষ্টেটের মতওয়ালিগণ মৌঃ গোলাম জিলানী সাহেব দিং দেং সৈয়বালী বিশ্বাস দাবি ৭৮।৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে শ্রীকান্তবাটী ২৯০ শতকের কাত ১৪৶৪ পাই আঃ ১৫৲ খং ৩৪২ অধীনস্থ খং সহ রায়ত স্থিতিবান

২৩৭ থাং ডিঃ সুরেন্দ্রনারায়ণ চৌধুরী দেং বীরেন্দ্রগোপাল ভাদুরী দিং দাবি ৬১৷৷৩ থানা সুতী মৌজে সেখপুরা ইচলিপাড়া ১৬৮ শতকের কাত ৬৵১ আঃ ২০৲ খং ১১৩২।১১৩৩

৩১৯ থাং ডিঃ মুরলীধর গুপ্ত দেং সাদেমানি বিশ্বাস হাজি দাবি ৯২।৵৩ থানা রঘুনাথগঞ্জ ও সুতী মৌজে কানুপুর ও মোনাইন দিং ১৩০৭ শতকের কাত ১৮৲ আঃ ৫০৲ খং ২৭৯।৩৭

২৫১ থাং ডিঃ নির্ম্মলকুমার সিংহ নওলক্ষা দেং মনভোলা ভুইমালী নাবালক পক্ষে অলি পিতা সুদর্শন ভুইমালী দাবি ১৫৶৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে বাড়ালা ১১ শতকের কাত ৷১০ পাই আঃ ৫৲ খং ৭৯

৩৬৬ থাং ডিঃ সেবাইত কুমারকৃষ্ণ ঘোষ দিং দেং সুকর্দ্দি সেখ দিং দাবি ৩৫৷৷/৬ থানা সুতী মৌজে উমরাপুর ১ একরের কাত ৩৷৷/৩ আঃ ১০৲ খং ১৩১২

৩৮৩ থাং ডিঃ ঐ দেং রাজেন্দ্রনাথ সাহা দিং দাবি ২৩।০ মৌজাদি ঐ ১৪০ শতকের কাত ৪৮/১১ পাই আঃ ১০৲ খং ৯৯৭

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক
সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত